তারিখ 30 NOV 1994
পৃষ্ঠা ৭ কলাম ৩

দৈনিক সংবাদ

23

# ডিসেম্বরের মাঝামাঝি এইচএসসি'র ফল প্রকাশ হতে পারে

( নিজস্ব বার্তা পরিবেশক )

আগামী ডিসেম্বর মাসের মাঝামাঝি দেশের ৪টি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষার ফল প্রকাশিত হবে। ঢাকা শিক্ষা বোর্ড সূত্র জানায়, কয়েকদিন এদিক–ওদিক হলেও ডিসেম্বরের মধ্যেই ফল প্রকাশ করা হবে। ছাত্র–অভিভাবকদের উৎকণ্ঠা অবসানে ফল প্রকাশের এক সপ্তাহ আগে পত্রপত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হবে। কবে পরীক্ষার ফলাফল বের হচ্ছে তা ওই বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকবে।

সূত্র জানায়, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিভাগ এখন দিনরাত খেটে পরীক্ষার খাতা দেখার কাজ চালিয়ে যাচ্ছে। ৮০ ভাগ কাজ শেষ হয়েছে। ডিসেম্বরের প্রথম সপ্তাহের মাঝে তা শেষ হবে বলে আশা করা হচ্ছে।

এইচএসসি, ঃ পৃঃ ৮ কঃ ২

## এইচএসসি ঃ ফল প্রকাশ

( ১ম পৃষ্ঠার পর )

ঢাকা শিক্ষা বোর্ডের কন্ট্রোলার জানান, ডিসেম্বরের প্রথম সপ্তাহে শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ডগুলোর কর্মকর্তাদের বৈঠক হবার কথা আছে। এ বৈঠকে এইচএসসি'র ফল প্রকাশের ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে। তিনি বলেন, চলতি বছরের এসএসসি পরীক্ষার ফল প্রকাশ করতে যেয়ে যেসব সমস্যায় পড়তে হয়, সেদিকে খেয়াল রেখেই আমরা কাজ চালিয়ে যাচ্ছি। যাতে করে এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ করতে যেয়ে সেসব সমস্যায় পড়তে না হয়।